# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৭৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে কারণ বর্ণনা করলাম তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

## ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ الْعِلَّةِ الَّتِي تَقَدَّمَ ذِكْرُنَا لَهَا

আরবী

1576 ـ أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ قَالَ: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ قَالَ: حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ قَالَ: حَدَّثَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ قَالَ حَدَّثَتْنِي عَائِشَةُ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (خُذُوا مِنَ الْعَمَلِ مَا تُطِيقُونَ فَإِنَّ اللَّهَ لَا يَمَلُّ حَتَّى تَمَلُّوا) وَكَانَ أَحَبُّ الْأَعْمَالِ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَدْوَمَهَا وَإِنْ قَلَّ كَانَ إِذَا صَلَّى صَلَاةً دَاوَمَ عَلَيْهَا يَقُولُ أَبُو سَلَمَةَ: قَالَ اللَّهُ: {الَّذِينَ هُمْ عَلَى صلاتهم دائمون} [المعارج: 23]
الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1576 | خلاصة حكم المحدث: صحيح ـ ((مختصر مسلم)) (378)

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَإِنَّ اللَّهَ لَا يَمَلُّ حَتَّى تَمَلُّوا) مِنَ الْأَلْفَاظِ الَّتِي لَا يُحِيطُ عِلْمُ الْمُخَاطَبِ بِهَا فِي نَفْسِ الْقَصْدِ إِلَّا بِهِ

বাংলা

১৫৭৬. 'আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমরা তোমাদের সাধ্য অনুসারে আমল গ্রহণ করো। কেননা আল্লাহ ততক্ষণ পর্যন্ত সাওয়াব দেওয়া থেকে বিরত থাকেন না, যতক্ষণ পর্যন্ত না তোমরা ইবাদত করতে বিরক্তি বোধ করো।” 'আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন: “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট সবচেয়ে প্রিয় আমল ছিল যা সবচেয়ে বেশি নিয়মিত পালন করা হয়, যদিও সেটা পরিমাণে কম হয়। আর তিনি যখন কোন সালাত আদায় করতেন, তখন তিনি তা নিয়মিত পালন করতেন।” রাবী বলেন, আবু সালামাহ বলেন, মহান আল্লাহ বলেছেন: “যারা তাদের সালাতে থাকে

নিয়মিত।” (সূরা মা‘আরিজ: ২৩) [1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “ রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য “কেননা আল্লাহ ততক্ষণ পর্যন্ত সাওয়াব দেওয়া থেকে বিরত থাকেন না, যতক্ষণ পর্যন্ত না তোমরা ইবাদত করতে বিরক্তি বোধ করো।” এটি এমন বাক্য শ্রোতারা সাধারণত এই ধরণের বাক্য ছাড়া এই ভাব ভালভাবে বুঝে না, এজন্য এই ধরণের বাক্যের অবতারণা করা হয়েছে।”

## ফুটনোট

[1] তাবারানী: ২৯/৫০; মুসনাদ আহমাদ: ৬/৮৪; সহীহ ইবনু খুযাইমা: ১২৮৩; সহীহ আল বুখারী: ১৯৭০; সহীহ মুসলিম: ২/৮১১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাऊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91170

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন